রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, মার্চ ১৭, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪৩২/১২ মার্চ ২০২৬

নং **০৩.৪৫.২৬৯০.০৭০.০৬.০১০.২০২৬-৩৫**—দেশব্যাপী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনে এশীয় উন্নয়ন ব্যাংক-এর আর্থিক সহায়তায় আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট (UPHCSDP) এর আওতায় দেশের বিভিন্ন সিটি কর্পোরেশন ও পৌরসভায় মোট ১৯০টি বহুতল ভবন নির্মিত হয়েছে বা নির্মাণাধীন রয়েছে। উক্ত ভবনসমূহকে কার্যকর নগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র হিসেবে চালুর মাধ্যমে নগর প্রাথমিক স্বাস্থ্যসেবার সম্প্রসারণ, জাতীয় স্বাস্থ্য ব্যবস্থার সাথে সমন্বয় এবং নির্মিত অবকাঠামোর সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে রোডম্যাপ প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ০১. | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | : | সভাপতি |
| ০২. | প্রধানমন্ত্রীর মুখ্য সচিব | : | সদস্য |
| ০৩. | সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য |
| ০৪. | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য-সচিব |
| ০৫. | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ০৬. | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| ০৭. | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | : | সদস্য |
| ০৮. | মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সদস্য |
| ০৯. | অতিরিক্ত সচিব (পৌর/সিটি কর্পোরেশন), স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |


**মূল্য :** টাকা ৪.০০

**কমিটির কার্যপরিধিঃ**

(ক) স্থানীয় সরকার বিভাগের অধীন পরিচালিত UPHCSDP প্রকল্পের বর্তমান কাঠামো, প্রশাসনিক ব্যবস্থা, অর্থায়ন ও সেবা কাঠামো পর্যালোচনা করা;

(খ) উক্ত প্রকল্পের আওতাধীন ভবনসমূহ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীনে হস্তান্তরের সম্ভাব্যতা ও প্রয়োজনীয় আইনি ও প্রশাসনিক কাঠামো নির্ধারণ করা ;

(গ) স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তরের বিদ্যমান স্বাস্থ্যসেবা কাঠামোর সাথে নগর প্রাথমিক স্বাস্থ্যসেবা সমন্বয়ের একটি টেকসই মডেল প্রস্তাব করা;

(ঘ) নগর এলাকায় প্রাথমিক স্বাস্থ্যসেবা সম্প্রসারণের লক্ষ্যে ভবিষ্যৎ প্রাতিষ্ঠানিক কাঠামো ও পরিচালন ব্যবস্থা সম্পর্কে সুপারিশ প্রদান করা;

(ঙ) কমিটি ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবে ;

(চ) প্রয়োজনবোধে কমিটি যেকোনো বিশেষজ্ঞ বা প্রতিনিধি কো-অপ্ট করতে পারবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাখাওয়াত হোসেন**
পরিচালক-৩ (প্রতিকল্প)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd